

মুহুরত

২৬/০৫/২০০২

শিক্ষা মন্ত্রী প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর দায়িত্ব বণ্টন

যুগান্তর রিপোর্ট

শিক্ষা মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর দায়িত্ব
বণ্টন করা হয়েছে। প্রধানমন্ত্রীর নির্দেশে
দায়িত্ব : পৃষ্ঠা : ১৯ কলাম : ৫

দায়িত্ব : বণ্টন

(১ম পৃষ্ঠার পর)

মন্ত্রণালয়ের কার্য-সূচী সম্পাদন ও
সময়সূচী লক্ষ্যে দায়িত্ব বণ্টন করা হয় বলে
বুধবার শিক্ষা সচিব থাকরিত অফিস আদেশে
জানানো হয়েছে। এখন থেকে মন্ত্রী
বিশ্ববিদ্যালয়, কলেজ, ফ্যাসিলিটিজ এবং
পরিকল্পনা ও উন্নয়ন, প্রতিমন্ত্রী মাধ্যমিক
শিক্ষা, সব শিক্ষাবোর্ড ও উন্নয়ন প্রকল্প
বাস্তবায়ন তদারকি এবং উপমন্ত্রী কারিগরি
শিক্ষা ও মাদ্রাসা শিক্ষার বিষয় দাবাশোনা
করবেন। তবে ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের
কার্যদি মন্ত্রী ও প্রতিমন্ত্রী সময় করে
সম্পাদন করবেন। প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর
জানা নির্ধারিত বিষয়গুলোর সখুন্টি সব নথি
তাদের পর্যায়ে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য পেশ
করা হবে। শিক্ষা সচিব প্রয়োজনে যে কোন
নথি মন্ত্রীর কাছে পাঠাতে পারবেন। মন্ত্রী
মন্ত্রণালয়ের আওতায় সম্পাদিত যে কোন
কার্যবলী তদারকি করতে পারবেন এবং
যথাযথ সিদ্ধান্ত দেবেন। মন্ত্রণালয়ের সব
ধরনের নীতিগত সিদ্ধান্ত শিক্ষামন্ত্রীর পর্যায়ে
চূড়ান্ত হবে।

দায়িত্ব বণ্টন অনুযায়ী মন্ত্রীর অধীনে থাকবে :
বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও বিশ্ববিদ্যালয়
শিক্ষা (সরকারি ও বেসরকারি
বিশ্ববিদ্যালয়সমূহ), বিসিএস (সাধারণ
শিক্ষা) ক্যাডারসহ সরকারি ও বেসরকারি
কলেজসমূহ, শিক্ষা মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ
প্রশাসন, সংসদ ও সময় সংক্রান্ত, শিক্ষা
মন্ত্রণালয়ের বার্ষিক বাজেট সংক্রান্ত,
উনেকো ও আইসেকোসহ বাংলাদেশ
উনেকো জাতীয় কমিশনের সব কাজ,
গ্যানবেইস-এর সব কাজ, কাউন্সিল অব
বিআইটি'র সব কাজ, সব উন্নয়ন প্রকল্প,
পরিকল্পনা ও উন্নয়ন কার্যক্রম। মন্ত্রী ও
প্রতিমন্ত্রী ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্টের কার্যদি
সময় করে সম্পাদন করবেন। প্রতিমন্ত্রীর
অধীনে থাকবে : জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা
একাডেমী (ন্যায়েম), মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত
সব বিষয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক
বোর্ড, সব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
শিক্ষাবোর্ড এবং পালি ও সংস্কৃত
শিক্ষাবোর্ডের সব কাজ এবং উন্নয়ন প্রকল্পের
বাস্তবায়ন তদারকি। উপমন্ত্রীর অধীনে
থাকবে : কারিগরি শিক্ষা ও কারিগরি
শিক্ষাবোর্ড সংক্রান্ত বিষয়াদি এবং মাদ্রাসা
শিক্ষা ও মাদ্রাসা শিক্ষাবোর্ড সংক্রান্ত
বিষয়াদি।